সুদৃঢ় ভিত্তিতে প্রতিষ্ঠিত প্রগতিশীল

**দিনাজপুর ব্যাঙ্ক লিঃ**

সিডিউল্ড ব্যাঙ্ক — ( ক্লিয়ারিং সুবিধাযুক্ত )

নির্ভয়ে টাকা আমানতের বিশ্বস্ত প্রতিষ্ঠান

জঙ্গিপুর, হেড অফিস—দিনাজপুর

সেন্ট্রাল অফিস—১১ ক্লাইভ রো, কলিকাতা

শাখাসমূহ—জলপাইগুড়ি, পার্ব্বতীপুর, ভবানীপুর ( কলিকাতা ), রায়গঞ্জ রাজসাহী, আলীপুর দুয়ার, রামপুরহাট। কর্ণওয়ালিস ষ্ট্রীট ( কলিকাতা ), গাইবান্ধা ও দুবরাজপুর শাখা শীঘ্রই খোলা হইবে।

ম্যানেজিং ডিরেক্টর—রায় সাহেব যতীন্দ্রমোহন সেন

Ex. M. L. C.

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

—:০:—

মণিগ্রামের প্রসিদ্ধ

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন

আবিষ্কৃত

**সোণামুখী**

কেশ তৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট। মূল্য প্রতি শিশি ১৲ টাকা

প্রাপ্তিস্থান—দশভুজা ঔষধালয়

মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম ( মুর্শিদাবাদ )

৩৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২৫শে কার্ত্তিক বুধবার ১৩৫৪ ইংরাজী 12th Nov. 1947 { ২৪শ সংখ্যা

আপনার

**কম খরচার খাজাঞ্চী**

**ঢাকুরিয়া ব্যাঙ্কিং**

**করপোরেশন লিমিটেড**

হেড অফিস

২১-এ, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা

ফোন: কলিকাতা ১৭৪৪ টেলিগ্রাম: ষ্ট্রংরুম

শাখাসমূহ

ঢাকুরিয়া, সাউথ ক্যালকাটা, ক্যানিং, কোন্নগর, রামপুরহাট, বারহারওয়া, সাহিবগঞ্জ, ( এস, পি ), রঘুনাথগঞ্জ, আওরঙ্গাবাদ ( মুশিদাবাদ ), সোনারপুর।

ম্যানেজিং ডিরেক্টার

ডি, এন, চ্যাটার্জ্জি এফ, আর, ই, এস (লণ্ডন)

**ব্যয় নহে—সঞ্চয়**

জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।

জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য "হিন্দুস্থানের" কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।

**হিন্দুস্থান কো-অপারেটিভ্**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৫শে কার্ত্তিক বুধবার সন ১৩৫৪ সাল

# বরাভয়দায়িনী কালী

আজ রণরঙ্গিণী বরাভয়দায়িনী কালী মাতার অর্চ্চনার দিন। শৃঙ্খলমুক্ত ভারতে আজ মায়ের প্রথম অর্চ্চনা। প্রায় দ্বি-শতাব্দীকাল দাসত্ব শৃঙ্খলে আবদ্ধ মায়ের সন্তানগণ স্বাধীনতার আলোক দর্শন করবার সুযোগ পেতে না পেতেই মিত্রতার আবরণে আবৃত শত্রুগণ আড়ালে থাকিয়া কপট সংগ্রামে নিযুক্ত হইয়াছে। প্রকাশ্য শত্রু অপেক্ষা কত সাঙ্ঘাতিক এই প্রচ্ছন্ন শত্রুগণ! তার উপরে শাসন-যন্ত্র পরিকল্পনার সহায় বলিয়া যাদের মনে করা গিয়াছিল, তাদের মধ্যেও স্বার্থপর পিশাচের অভাব নাই। সামান্য অর্থের লালসায় মাতৃভূমির স্বাধীনতা ব্যাহত করার মত মহাপাতক করিতেও এরা পশ্চাৎপদ নয়। আজ ভারতের ঘরে বাইরে ভীতি। মা বরাভয়দায়িনি কালিকে! ভারতের ভীতি দূর করো মা! রায় গুণাকর কবি ভারতচন্দ্রের ভাষায় তোমায় ডাকিয়া বলিতেছি—

( হ্রস্ব-দীর্ঘ লঘু-গুরু উচ্চারণে পঠনীয় )

জয় দেবি জগন্ময়ি!
দীন-দয়াময়ি!
শৈলসুতে করুণা-নিকরে!

জয় চণ্ড-বিনাশিনি!
মুণ্ড-নিপাতিনি!
দুর্গা-বিঘাতিনি মুখ্য তরে!

জয় কালি কপালিনি!
মস্তক-মালিনি!
খর্পরধারিণি শূল ধরে!

জয় চণ্ডি দিগম্বরি!
ঈশ্বরি শঙ্করি!
কৌশিকি ভারত-ভীতি হরে!

সন্তানগণের ভীতি হরণ করো মা! ভারতের বিঘ্ন-কারক ভূত অপসারণার্থে করযোড়ে নিবেদন করি—

অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ।
যে ভূতা বিঘ্নকর্ত্তার স্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া॥

শিবের আজ্ঞায় সেই সব বিঘ্নকারকগণ নাশ প্রাপ্ত হউক।

সর্ব্বমঙ্গল-মঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তুতে॥

---

# তালে তাল

আমরা প্রতি সপ্তাহে "তালে তাল" নাম দিয়া প্রবন্ধ প্রকাশ করিব মনে করিয়াছি। ইহাতে অতীত ও বর্ত্তমানের বহু জ্ঞাতব্য ও নানা লোকের করণীয় ও অনুকরণীয় বিষয় সন্নিবেশিত হইবে।

( ১ )

এক শাসন-যন্ত্র পরিচালক রাজপুরুষের নিকটে সংবাদ আসিল যে অমুক স্থানে অমুক লোক গুদামে প্রচুর ময়দা ও চিনি মজুত রাখিয়া ইচ্ছামত চোরা কারবার চালাইতেছে। রাজপুরুষ চিরন্তন প্রথা অনুসারে পুলিশের উপর তদন্তের ভার দিয়া কর্ত্তব্য সম্পাদন করিলেন। পুলিশও চিরন্তন তালে তাল রাখিয়া চূড়ান্ত রিপোর্ট দাখিল করিয়া ব্যাপারের পরিসমাপ্তি ঘটাইলেন। এক্ষেত্রে সকলেই প্রাচীন তালে তাল রাখিয়া রুজি বাহাল রাখিলেন। অপরাধীও সুস্থ শরীরে বাহাল তবিয়তে কারবার চালাইয়া লক্ষপতি হইতে কোটিপতি হইতে চলিলেন।

অন্য শাসন-যন্ত্রের যন্ত্রী সংবাদ পাইবামাত্র সংবাদদাতাকে তিরস্কার করিয়া বিদায় করিলেন। সেই দিন হইতে নিত্য ক্ষৌরকর্ম্ম বন্ধ করিয়া ২০।২৫ দিনের দাড়িচুল রাখিয়া চোরা কারবারীর গদিতে উপস্থিত হইয়া মাতৃশ্রাদ্ধে চিনি ও ময়দা কালাবাজারের দরে কিনিতে সম্মত হইলেন। পরদিন প্রত্যুষে দাড়ি চুল কামাইয়া সাঙ্গোপাঙ্গ লইয়া ব্যবসাদারের গদিতে উপস্থিত হইয়া কালাবাজারীর আদ্য শ্রাদ্ধের ব্যবস্থা করিলেন।

দুই রাজপুরুষই তালে তাল রাখিলেন। কোন্ তালটী শ্রুতিসুখকর পাঠকগণ বিচার করুন।

( ২ )

বহুদিন আগেকার কথা—বাংলা গবর্ণমেণ্টের চিফ্ সেক্রেটারী বোল্টন সাহেব তখন রামপুরহাট সাবডিভিসনের মহকুমা ম্যাজিষ্ট্রেট। এক ব্যক্তি সাহেবের কোর্টে নালিশ করলো—হুজুর, অমুক লোক আমাকে শাসিয়ে বলেছিল—তাকে এবার আকের গুড় খাওয়াব। গত রাত্রে সেই নিশ্চয় আমার দশ কাঠা জমির আক কেটে ফেলেছে। ভোরে জমির সব আক কাটা অবস্থায় পড়ে রয়েছে। নালিশ পাইবামাত্র সাহেব পুলিশকে এক দিনের মধ্যে তদন্ত করিয়া রিপোর্ট দিতে আদেশ দিলেন। সঙ্গে সঙ্গে চাপরাশি এই আদেশপত্র থানার বড় বাবুকে দিয়ে এলো। বড় দারোগা এই পরোয়ানা পাইবামাত্র বলিয়া উঠিলেন—পাগলা সাহেবের কাণ্ড দেখ—কে রাত্রে আক কেটে দিয়েছে—আমাকে তাই কিনারা করতে হবে। কাল সকালে গ্রামে গিয়ে 'সি' ফরম দাখিল করবো (তখনকার দিনে চূড়ান্ত রিপোর্টকে 'সি' ফরম বল্‌তো)। বল্‌তে বল্‌তেই বোল্টন সাহেব থানায় এসে হাজির। এসে এসেই দারোগা বাবুকে বল্‌লেন—চলো আক কাটা তদন্ত করবে। দারোগা অগত্যা সাহেবের সঙ্গে চল্‌লেন। সাহেব এক পাল ইস্কুলের ছেলে সঙ্গে নিয়ে আক কাটা গ্রামের সব বাড়ী ঘেরাও করলেন। দারোগা মনে মনে হাস্‌তে লাগলেন, আর বল্‌তে লাগলেন—পাগল আর কা'কে বলে! সাহেব দারোগাকে নিয়ে সব বাড়ী খানাতল্লাসী ক'রে প্রত্যেকের দা, হাঁসুয়া, কাস্তে নিয়ে এক এক বাণ্ডিল বেঁধে, গৃহস্থের নাম লিখে থানায় নিয়ে গেলেন। থানার গারদে সব রেখে দিলেন। সকাল বেলায় গারদ খুলে দারোগাকে ডেকে দেখালেন—আমি তো পাগলা সাহেব! দেখ দেখি—Sweetness of the sugar-cane is the witness of the case. আসামীর কাস্তে, হাঁসুয়ায় পিঁপড়ে লেগেছে—সেই আক কেটেছে। তাকে বন্ধন ক'রে জেলে পাঠালেন। সাহেব তালে তাল দিয়ে আসল অপরাধী না ধর্‌লে 'সি' ফরমই হোতো।

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

## নিলামের দিন ২০শে নভেম্বর ১৯৪৭

### ১৯৪১ সালের ডিক্রীজারী

১ মনি ডিঃ উমাচরণ দাস দিং দেং সুকুমার রায় দিং দাবি ৯৯।৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেগুয়া জামুয়ার ৬৭ শতক মধ্যে ৩৩ শতক তদুপরিস্থিত পোক্তা বাটী মায় ইট, কাঠ, কপাট, চৌকাঠ, টীন, তীর, বরগা, চাল, ছাপ্পর, নওয়া জিমা সহ নিলাম হইবে। আঃ ৩০৲ খং ৩৬৪ স্বত্ব নিষ্কর ২নং লাট মৌজাদি ঐ ৩৭৫ নং খং ভুক্ত ২-৭২ শতক মধ্যে ঐ সেরেস্তা তাহার অন্তর্গত ১৯ শতক নিলাম হইবে মূল্য ৫৲ নিষ্কঃ ৩নং লাট মৌজাদি ঐ ৬৯৪ নং খং ভুক্ত ২-৫৩ শতক জমির কাত ৯৷৷০ টাকা জমা মহারাজ বাহাদুরের লেখা যায়। আঃ ৩০৲ রায়ত স্থিতিবান ৪নং লাট মৌজাদি ঐ ৬৯৫ নং খং ৩-৩২ শতকের কাত ৸৴০ আঃ ১৫৲ ৫নং লাট মৌজাদি ঐ ৬৯৯ নং খং ভুক্ত ৩।১ জমি তন্মধ্যে ১৷৷৩ জমি নিলাম হইবে। পরস্তা মত জমা ১৷৷৶০ আঃ ৭৲ রায়ত স্থিতিবান

### ১৯৪৬ সালের ডিক্রীজারী

৫৫ অন্য ডিঃ গোরাঙ্গিনী চৌধুরাণী দেং এব্রাহিম সেখ দিং দাবি ৪৪৮৻৯ থানা সমসেরগঞ্জ মৌজে শিবপুর ৪-৪১ শতকের কাত ২০৷৷৵৫ আঃ ২০০৲ খং ৪২ রায়ত স্থিতিবান

৩১০ খাং ডিঃ ওয়াকফ ষ্টেটের জয়েন্ট মাতোয়ালী মোঃ মরতুজা রেজা চৌধুরী দিং দেং নাথু রায় দিং দাবি ৩২/৯ থানা ফরক্কা মৌজে লক্ষ্মীপুর ৮১ শতকের কাত ৬।০ আঃ ২০৲

### ১৯৪৭ সালের ডিক্রীজারী

২০২ খাং ডিঃ ঐ দেং দুর্গা সাঁওতাল দাবি ৪৭/০ থানা ঐ মৌজে নসিবপুর ৩-১০ শতকের কাত ৮৷৷/৬ আঃ ২৫৲

২৪০ খাং ডিঃ ঐ দেং উসমান সেখ দাবি ২৪৷৷৬ থানা সমসেরগঞ্জ মৌজে লোহরপুর ৷৷১৻৯০ জমির কাত ২৵৯ আঃ ১০৲

২৪১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭৸০ মৌজাদি ঐ ৸৩৻৩ জমির কাত ২৷৷৶৩ আঃ ১৫৲

২৪২ খাং ডিঃ ঐ দেং খোকা সেখ দিং দাবি ৩১৻৩ মৌজাদি ঐ ৩৷১৻১০ জমির কাত ২৷৯ আঃ ১৫৲

২৪৭ খাং ডিঃ ঐ দেং সের মহাম্মদ মণ্ডল দিং দাবি ৩৬৸০ মৌজাদি ঐ ২৸০৻১ জমির কাত ২৲ আঃ ১০৲

২৭৭ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৬৸৶০ মৌজাদি ঐ ৷৷০৻১৮ জমির কাত ২১/৬ আঃ ১০৲

২৭৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৪৷৷/৩ মৌজাদি ঐ ৩৷৷২৻১৸ জমির কাত ৩৷৷৵৩ আঃ ১০৲

৩১২ খাং ডিঃ ঐ দেং আব্বাস সেখ দিং দাবি ৪৫৷৷৬ থানা ঐ মৌজে কাঁকুড়িয়া ১।৪৻১৬ জমির কাত ৩।৶০ আঃ ২৫৲

৩১৪ খাং ডিঃ ঐ দেং মির মানসব আলি দিং দাবি ৩৯৷৷৵৩ মৌজাদি ঐ ২৸০৻২ জমির কাত ২৷৩ আঃ ১৫৲

৪৫৪ খাং ডিঃ ঐ দেং গেন্দু বিশ্বাস নাবালক দিং দাবি ১৭৻৯ থানা ঐ মৌজে দাঁতিয়া অনন্তপুর ৩/৩৻১০ জমির কাত ১৸৵৩ আঃ ৫৲

৪৫৫ খাং ডিঃ ঐ দেং আসগর আলি বিশ্বাস দিং দাবি ১৫।৵৩ মৌজাদি ঐ ৸৪৻৭ জমির কাত ৸/৩ আঃ ৫৲

১৬ খাং ডিঃ ঐ দেং খুসিরুদ্দিন বিশ্বাস দিং দাবি ৪২৷৷৬ থানা ফরক্কা মৌজে ভৈরবডাঙ্গা ৫৷৷১৻১৯ জমির কাত ৩৷৷৶৩ আঃ ২০৲

২৮৮ খাং ডিঃ মহাম্মদ আমজাদ দেং সৌরভান নেসা বিবি দাবি ১২।৵৬ থানা সাগরদীঘি মৌজে বাজিতপুর জাম, জমা, আঃ ও খং দেওয়া নাই

২৫৯ খাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং কালীপদ অধিকারী দাবি ১৯৸৵৬ থানা সাগরদীঘি মৌজে মোড়গ্রাম ২ শতকের কাত ।৵১৷৷০ আঃ ৩৲ খং ১৩৯

২৩১ খাং ডিঃ ঐ দেং নিকড়ি কর্ম্মকার দিং দাবি ২১৮৵৯ থানা ঐ মৌজে কোতলা ৩৷৷৩ কাঠার কাত ৪।৶১০ আঃ ৫৲ খং ৪৯

৩৪৪ খাং ডিঃ বুদ্ধ হোসেন মণ্ডল মৃতাস্তে ওয়ারিশ নাদির মণ্ডল দিং দেং শ্যামাপদ সাহা দিং দাবি ২৩৻৬ থানা সাগরদীঘি মৌজে ভূমিহর ২-৪৮ শতকের কাত ৪৷৷০ আঃ ১০৲ খং ৪৪৫

৪৩৬ খাং ডিঃ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং কামিনী দাসী দাবি ১৪/০ থানা সাগরদীঘি মৌজে ঈশ্বরবাটী ২০ শতকের কাত ৸৵০ আঃ ৬৲ খং ২৫০

৪৩৪ খাং ডিঃ ঐ দেং পাঁচকড়ি মণ্ডল দিং দাবি ৪২৷৷৵৩ থানা ঐ মৌজে চামুণ্ডা ৮-৮০ শতকের কাত ২২৸/১ আঃ ১০৲ খং ১৪৮

৪৪৭ খাং ডিঃ সেবাইত মহান্ত গণপতি দাস গোস্বামী দেং আজমাতুন্নেছা বিবি দাবি ২২৸৵৩ থানা সাগরদীঘি মৌজে রতনপুর ১.৩০ শতকের কাত ২৷৷৵৮ আঃ ১০৲ খং ৩৫৬ রায়ত স্থিতিবান

২৮৩ খাং ডিঃ রাজা কমলারঞ্জন রায় দেং দিলমহম্মদ সেখ দাবি ৪১৵০ থানা সাগরদীঘি মৌজে ভুরকুণ্ডা ৮১ শতকের কাত ৪।৬ আঃ ১০৲ খং ১৪৯

২৮৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮০৷৷৬ মৌজাদি ঐ ৮-৬ শতকের কাত ২৯৲ আঃ ১০০৲ খং ১৪২

১২৫ খাং ডিঃ উমাচরণ দাস দিং দেং আসগর মণ্ডল দাবি ২৩৭৶৩ থানা সাগরদীঘি মৌজে কান্তনগর ১৪-৪০ শতকের কাত ৩৬৸৵০ আঃ ২০০৲ খং ২৫৪

৪৮১ খাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং মহেন্দ্র মণ্ডল দিং দাবি ২৮৶৯ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর দিয়াড় ১-৭৪ শতকের কাত ৩৸৯ আঃ ২০৲ খং ২১৫৫

৪৮৫ খাং ডিঃ ঐ দেং শ্রীপতিচরণ দাস দাবি ৪৪৵৬ মৌজাদি ঐ ৭৯ শতকের কাত ৫৸৶৮ আঃ ৩৫৲ খং ৩৬২১

৪৮৩ খাং ডিঃ ঐ দেং থাকু মণ্ডল দাবি ২৩৷৷৶৩ থানা ঐ মৌজে অনুপনগর ৩৫ শতকের কাত ২৸৯ আঃ ১৫৲ খং ২১৬৪

৪৬৯ খাং ডিঃ সেবাইত মহান্ত ভগবান দাস দেং বসন্ত কুমার মণ্ডল দাবি ৩৩৷৷/৩ থানা সাগরদীঘি মৌজে অলঙ্কার ১-৫০ শতকের কাত ৪৷৷০ আঃ ৩০৲ খং ৭১

১৫৪ খাং ডিঃ সৌরেন্দ্রনাথ রায় দেং জমা বিবি দাবি ১৬৸৵৬ থানা ফরক্কা মৌজে আব্দুয়া ১৭ শতকের কাত ১৲ আঃ ৫৲ খং ১৫০

৩৬৪ খাং ডিঃ ক্ষণিকারাণী দেবী দেং ভুষণ মুচি দাবি ১৯।৵৩ থানা সমসেরগঞ্জ মৌজে চাচণ্ড ৯২ শতকের কাত ২৲ আঃ ১৮৲ খং ৫০০ রায়ত স্থিতিবান

৩৬৭ খাং ডিঃ ঐ দেং এলাহিবক্স সেখ দিং দাবি ১৭।৬ থানা ঐ মৌজে ধুসরীপাড়া ৫৬ শতকের কাত ১৵২ আঃ ১৬৲ খং ৪২৫ ঐ স্বত্ব

৪৮০ খাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং জ্যোতিষচন্দ্র দাস দিং দাবি ১৫৮৷৷৵০ থানা সাগরদীঘি মৌজে খাড়ুগ্রাম ৫-১০ শতকের কাত ৩১৸/৫ আঃ ১৪৫৲ খং ১৯০

২৪৩ খাং ডিঃ বিনয়ভূষণ রায় দেং আলকাশ সেখ দাবি ৩২৸০ থানা সাগরদীঘি মৌজে বয়ার ২৫ শতকের কাত ৩৲ আঃ ১৫৲ খং ২৩৫

২১৬ খাং ডিঃ সেখ বেলাল হোসেন মণ্ডল দিং দেং ভূপতিভূষণ ঘোষ দাবি ১৬৸৵৯ থানা সাগরদীঘি মৌজে কুমখি মোদফা গুলাহার ৩ শতকের কাত ৸০ আঃ ৫৲ খং ২১১

৪৭২ খাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলাক্ষা দেং ইমানী মণ্ডল দিং দাবি ৮৩৸৶৩ থানা সাগরদীঘি মৌজে ধলসা ৪-৪৯ শতকের কাত ২৬৸/৭ আঃ ২৫৲ খং ১১৯

[ পর পৃষ্ঠা দেখুন। ]

৩০০ খাং ডিঃ কৃষ্ণপ্রসন্ন ঘোষ দিং দেং মোঃ দরেশতুল্লা দিং দাবি ১৯৷৷/৯ থানা সমসেরগঞ্জ মৌজে জয়কৃষ্ণপুর ৮২ শতকের কাত ২৮৶৩ আঃ ১২৲ খং ১৩৪

৩৩০ খাং ডিঃ জাফর হোসেন মণ্ডল দেং রামসিংহাসন ভকত দাবি ২০৮৶৯ থানা সাগরদীঘি মৌজে শীতলপাড়া ১-১ শতকের কাত ৩৮৵৭ আঃ ১০৲ খং ৩৮৩ মোকররী স্বত্ব

৪২৫ খাং ডিঃ ঐ দেং শ্যামাপদ রায় দিং দাবি ৫১৮/৩ থানা ঐ মৌজে চাঁদপাড়া ১-৬৭ শতকের কাত ৭৮১৭৷৹ আঃ ৩৫৲ খং ৩৬

২৭০ খাং ডিঃ সেবাইত মহান্ত রামদাস আউলিয়া দেং রিয়াজুদ্দিন সেখ দিং দাবি ২০৮৶৬ থানা সাগরদীঘি মৌজে দস্তরহাট ১৪ শতকের কাত ১৷৶৹ আঃ ১০৲ খং ১১ রায়ত স্থিতিবান

২৭১ খাং ডিঃ ঐ দেং আরজেদ সেখ দিং দাবি ১৭৮৵৬ মৌজাদি ঐ ১৩ শতকের কাত ১৶১০ আঃ ১০৲ খং ৮৬ ঐ স্বত্ব

২৭৪ খাং ডিঃ ঐ দেং সমিরণ বেওয়া দাবি ১৬৮৩ মৌজাদি ঐ ১৫ শতকের কাত ১৵৹ আঃ ১০৲ খং ৮৮ ঐ স্বত্ব

৩২৯ খাং ডিঃ কমলারঞ্জন ধর দিং এষ্টেটের ট্রাষ্টি রাখহরি দত্ত দেং তিতু বিশ্বাস দাবি ২৯৵৯ থানা ঐ মৌজে নিজ চাঁদপাড়া ৭৫ শতকের কাত ৩৶৫ আঃ ২০৲ খং ১০২৭ রায়ত স্থিতিবান

২১ স্বত্ব ডিঃ গোষ্ঠবিহারী দাস দেং শরৎ বেওয়া দাবি ৯৫/৯ থানা সাগরদীঘি মৌজে বালিয়া ১-৯৮ শতকের কাত ৩৷৶২ আঃ ৭০৲ খং ২২১ রায়ত স্থিতিবান


১৮ মর্গেজ ডিঃ ফুলচাঁদ শেঠী দিং দেং ভাগিমন বেওয়া দিং দাবি ১০৯৩/৩ থানা সমসেরগঞ্জ মৌজে শিবপুর ৩-২৪ শতকের কাত ৮৷৶১২ আঃ ৯০০৲ খং ১৮০ রায়ত স্থিতিবান ২নং লাট থানা ঐ মৌজে লোহরপুর ৩৮৪৫ জমির কাত ৫৷৵৬ তন্মধ্যে ২/৹ জমির কাত হারাহারি মতে জমা ২৲ আঃ ১০০৲ খং ১১৫ ঐ স্বত্ব

---





# সুরবল্লী




যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখে'ছন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

**সি. কে. সেন এণ্ড কোং লিঃ**
**জবাকুসুম হাউস . কলিকাতা**

---

## দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত